

## 2-Year D.El.Ed. Examination-2019

### Part - I (New)

Course Code - PDC-1

Course Title - 1st language (Method) Bengali

Time - 3 Hours

Full marks - 70

১. নীচের প্রশ্নগুলির মধ্য থেকে যে কোন ১০টি প্রশ্নের উত্তর দাও :  $১ \times ১০ = ১০$
- a) “ভাবা হল চিন্তার প্রতীক” — কথাটি কে বলেছেন?
- i) রবীন্দ্রনাথ ঠাকুর                      ii) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর  
iii) মধুসূদন দত্ত                              iv) ম্যাক্সমুলার।
- b) সেই পঠনই ‘আদর্শ পঠন’ —
- i) যার মাধ্যমে শিশু কোন কিছু দেখে পড়তে পারে।  
ii) যে পঠন ক্রিয়া শিশুকে ‘আত্মবিশ্বাসের স্তর’-এ পৌঁছে দিতে পারে।  
iii) যা দেখেই পড়ে ফেলতে পারে।  
iv) যার মাধ্যমে শিশু পড়ে শিখে ফেলতে পারে।
- c) শিক্ষাপকরণ হল —
- i) শিক্ষা গ্রহণের উপদান                      ii) শিক্ষায়তনের আসবাব  
iii) শিক্ষা সহায়ক সামগ্রী                      iv) শিক্ষা গ্রহণকারী সামগ্রী।
- d) মাতৃভাষা বিকাশ দক্ষতার কয়টি বিভাগ ?
- i) দুটি    ii) চারটি  
iii) ছয়টি    iv) তিনটি।
- e) শিক্ষার্থীদের জন্য ভাষা শিক্ষার উপযুক্ত স্তর কোনটি ?
- i) মাধ্যমিক    ii) প্রাথমিক  
iii) প্রাক-প্রাথমিক    iv) উচ্চ-মাধ্যমিক।
- f) ‘ছিনিমিনি খেলা’র অর্থ কি ?
- i) এক ধরনের খেলার নাম                      ii) অপব্যবহার করা  
iii) তছনছ করা    iv) তিনি দিয়ে পুতুল খেলা।
- g) শিশুর শুদ্ধ কথন অভ্যাস গঠনের উপযুক্ত ক্ষেত্র —
- i) বিদ্যালয়    ii) পরিবার  
iii) পরিবেশ    iv) নিজের গ্রাম।

- h) কোন কবিকে 'ছন্দের যাদুকর' বলা হয় —
- i) রবীন্দ্রনাথ ঠাকুর                      ii) অতুল প্রসাদ সেন  
iii) নীরেন্দ্রনাথ চক্রবর্তী                  iv) সত্যেন্দ্রনাথ দত্ত।
- i) 'ব্যাঙের সর্দি' কথাটির অর্থ হল —
- i) ব্যাঙের সর্দি লাগা                      ii) অবিশ্বাস্য ব্যাপার  
iii) হাসির কথা                              iv) বিরক্তিকর।
- j) 'দ্বার' শব্দের অর্থ হল —
- i) জানালা                                      ii) দরজা  
iii) বিছানা                                      iv) টেবিল।
- k) কি ধরনের লিখনের মাধ্যমে শিক্ষার্থীর সৃষ্টিশীল ক্ষমতা প্রকাশ পায়?
- i) অবাধ লিখন                                  ii) সাধারণ লিখন  
iii) নিয়ন্ত্রিত লিখন                              iv) শ্রুতি লিখন।
- l) কোনটি 'মুখ' শব্দের প্রতিশব্দ নয় —
- i) আনন    ii) বদন  
iii) আম্য    iv) অর্ণব।
- m) ভাষা শিক্ষার ক্ষেত্রে 'ত্রিভাষা সূত্র' প্রস্তাব করে ————— কমিশন।

২. নীচের প্রশ্নগুলি থেকে যে কোন ১০টি প্রশ্নের উত্তর দাও :                      ২×১০=২০

- a) মাতৃভাষার সংজ্ঞা উল্লেখ কর।
- b) অনুবন্ধ পদ্ধতি কী?
- c) ভালো হস্তাক্ষরের দুটি বৈশিষ্ট্য লিখ।
- d) আদর্শ পাঠের কয়েকটি বৈশিষ্ট্য উল্লেখ কর।
- e) প্রাথমিক শিক্ষায় শ্রবণের গুরুত্ব কতখানি, আলোচনা কর।
- f) প্রতিশব্দ বা সমার্থক শব্দ কাকে বলে?
- g) বাগধারা বলতে কি বোঝায়? একটি উদাহরণ দাও।
- h) শিক্ষা-সহায়ক উপকরণ কাকে বলে?
- i) অবরোহী ও আরোহী পদ্ধতির তুলনামূলক আলোচনা কর।
- j) পাঠ-পরিকল্পনা কাকে বলে?
- k) সামগ্রিক মূল্যায়ণ কাকে বলে?
- l) ভাষার উপযোগিতা কতখানি, আলোচনা কর।

৩. নীচের প্রশ্নগুলি থেকে যেকোন চারটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ৪ = ২০$
- a) বিদ্যালয়ে পাঠ্যসূচী বর্হিভূত কোন্ কোন্ বিষয় বাংলা ভাষা ও সাহিত্য শিক্ষায় সহায়ক হতে পারে, সে বিষয়ে যুক্তিসহ ব্যাখ্যা কর।
  - b) মাতৃভাষা শিক্ষার উদ্দেশ্য আলোচনা কর।
  - c) ব্যাকরণ শিক্ষার প্রয়োজনীয়তা কতখানি, তা আলোচনা কর।
  - d) সাহিত্য শিক্ষকের কি কি ধরনের গুণাবলী থাকা উচিত বলে তুমি মনে কর।
  - e) শিক্ষার্থীদের হাতের লেখা শিক্ষাদানের উপায়গুলি কি কি?
  - f) আদর্শ সবারপাঠের জন্য কি কি বিষয়ের উপর নজর দেওয়া প্রয়োজন?
  - g) মাতৃভাষা শিক্ষায় মূল্যায়নের প্রয়োজনীয়তা কতখানি, তা বিশ্লেষণ কর।

৪. যেকোন দুটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ২ = ২০$
- a) বানান ভুলের কারণগুলি আলোচনা কর? বানান ভুল কিভাবে রদ করা যায়?
  - b) আদর্শ অভিষ্কার বৈশিষ্ট্যগুলো আলোচনা কর।
  - c) তোমার অঞ্চলে বিশুদ্ধ পানীয় জলের অভাব দূর করার লক্ষ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করার জন্য একটি বহুল প্রচারিত সংবাদপত্রের সম্পাদকের কাছে একটি পত্র লেখ।
  - d) তৃতীয় শ্রেণির উপযোগী একটি কবিতা অবলম্বনে পাঠ-পরিকল্পনা প্রস্তুত কর।

<https://www.tripuraboard.com>  
Whatsapp @ 9300930012  
Send your old paper & get 10/-  
अपने पुराने पेपर्स भेजे और 10 रुपये पायें,  
Paytm or Google Pay से